



মাদ্রাসায় বলাৎকার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে: ধর্মমন্ত্রী



ছবি: সংগৃহীত

মাদ্রাসায় বলাৎকার ও অশালীন কর্মকাণ্ডের পুনরাবৃত্তি ঠেকাতে সরকার কঠোর পদক্ষেপ নেবে বলে জানিয়েছেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ। শনিবার (২৪ অক্টোবর) সকালে রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ জাতীয় ইমাম সমিতির ত্রিবার্ষিক কাউন্সিলে অংশ নেন তিনি। অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মন্ত্রী বলেন, মাদ্রাসার মতো পবিত্র প্রতিষ্ঠানে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে, সে বিষয়ে ইমামদের সচেতনতামূলক বক্তব্য দিতে বলা হয়েছে। এর আগে সম্মেলনে দেশের বিভিন্ন স্থান থেকে আসা ইমামদের উদ্দেশে ধর্মমন্ত্রী বলেন, কেউ যেন উসকানি দিয়ে দেশের ধর্মীয় সম্প্রীতি নষ্ট করতে না পারে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে।

তিনি আরও বলেন, জুমার খুতবায় মাদক, সন্ত্রাসসহ বিভিন্ন অপরাধের বিরুদ্ধে ইমামদের জোরালো বক্তব্য দেওয়া প্রয়োজন। সমাজে ইমামদের গ্রহণযোগ্যতা থাকায় তাঁদের বক্তব্য মানুষের মধ্যে প্রভাব ফেলতে পারে।

এ সময় বেতন-ভাতা বাড়ানোসহ নিজেদের বিভিন্ন সমস্যা ও দাবি ভুলে ধরেন ইমাম সমিতির নেতারা।